রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ৩, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ২০ বৈশাখ ১৪১৪/৩ মে ২০০৭

**এস, আর, ও নং ৬৬-আইন/২০০৭।**—আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) আইন, ২০০৪ (২০০৪ সনের ৩ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, প্রধান বিচারপতির সহিত পরামর্শক্রমে, প্রকল্প জেলা আদালতে মোকদ্দমা দায়ের ও কোর্ট ফি সংক্রান্ত বিদ্যমান আইনের সংশ্লিষ্ট বিধানাবলী শিথিলকরণ এবং তদস্থলে পরীক্ষা-নিরীক্ষার উদ্দেশ্যে সাময়িকভাবে নিম্নরূপ আদেশ জারী করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আদেশ প্রকল্প জেলা আদালতে কেন্দ্রীয় মোকদ্দমা দায়ের পদ্ধতি (Central Filing Section) প্রবর্তন আদেশ, ২০০৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে এবং প্রকল্প মেয়াদকালে প্রকল্প জেলা আদালতে বলবৎ থাকিবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না হইলে, এই আদেশে—

(ক) "আইন" অর্থ আদালত সংস্কার বাস্তবায়ন (সহায়ক বিধান) আইন, ২০০৪ (২০০৪ সনের ৩ নং আইন);

(খ) "প্রকল্প জেলা আদালত" অর্থ আইনের ধারা ২(৪) এ সংজ্ঞায়িত প্রকল্প জেলা আদালত;


মূল্য ঃ টাকা ২.০০

(গ) "কেন্দ্রীয় মোকদ্দমা দায়ের পদ্ধতি" অর্থ প্রকল্প জেলা আদালতসমূহে মোকদ্দমার সুষম বন্টন নিশ্চিত করিবার জন্য সহকারী জজ, সিনিয়র সহকারী জজ ও যুগ্ম-জেলা জজ আদালতসমূহের নিজস্ব এলাকাগত অধিক্ষেত্র বিলুপ্ত করিয়া সমগ্র জেলাব্যাপী ভৌগোলিক অধিক্ষেত্র বর্ধিতকরণের একটি পদ্ধতি;

(ঘ) "কেন্দ্রীয় মোকদ্দমা দায়ের শাখা" অর্থ এই আদেশের দফা ৩ এর অধীন গঠিত কেন্দ্রীয় মোকদ্দমা দায়ের শাখা।

৩। **শিথিলকৃত বিধানসমূহ।**—নিম্নলিখিত বিধানসমূহ প্রকল্প জেলা আদালতে প্রয়োগের ক্ষেত্রে শিথিল থাকিবে, যথা ঃ—

(ক) Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর Order IV এর rule 1 এবং Order XLI এর rule 1;

(খ) Code of Civil Procedure, 1908 (Act V of 1908) এর Section 15;

(গ) Civil Courts Act, 1887 (Act XII of 1887) এর Section 22।

৪। **কেন্দ্রীয় মোকদ্দমা দায়ের শাখা (Central Filing Section)।**—(১) কেন্দ্রীয় মোকদ্দমা দায়ের পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে প্রকল্প জেলা আদালতে কেন্দ্রীয় মোকদ্দমা দায়ের শাখা (Central Filing Section) নামে একটি শাখা গঠন করা হইবে, যেখানে সকল আরজী, লিখিত জবাব, মেমো অব আপীল, বিবিধ মোকদ্দমা ও অন্তর্বর্তী (Interlocutory) দরখাস্তসমূহ দাখিল করিতে হইবে।

(২) Civil Courts Act, 1887 (Act XII of 1887) এর Section 13 এর বিধান মোতাবেক এতদ্দ্বারা প্রকল্প আদালতে কর্মরত সকল সহকারী জজ, সিনিয়র সহকারী জজ ও যুগ্ম-জেলা জজ এর এলাকাগত অধিক্ষেত্র সমগ্র জেলাব্যাপী বর্ধিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, জেলা সদরের বাহিরে অবস্থিত কোন আদালতের ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না।

৫। **মোকদ্দমা সুষম বন্টন।**—প্রকল্প জেলা আদালতের জেলা জজ অন্যান্য জজগণের মধ্যে মোকদ্দমা আপীল, দরখাস্ত ও বিবিধ মোকদ্দমা আর্থিক এখতিয়ার ও কাজের পরিমাণ বিবেচনায় বন্টন করিবার জন্য জুডিশিয়াল এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসারকে নির্দেশ প্রদান করিতে পারিবেন এবং জেলা জজ মোকদ্দমার সুষম বন্টন নিশ্চিত করণার্থে বা অন্য কোন যৌক্তিক কারণে মোকদ্দমার যে কোন পর্যায়ে যে কোন মোকদ্দমা, আপীল বা দরখাস্ত যে কোন আদালত হইতে প্রত্যাহারপূর্বক নিজে শুনানীপূর্বক নিষ্পত্তি করিতে পারিবেন বা অন্য যে কোন আদালতে নিষ্পত্তির জন্য প্রেরণ করিতে পারিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলী আশরাফ খান লোদী**
ভারপ্রাপ্ত সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।